গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
এনআইএস, এপিএ ও সুশাসন শাখা

## সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন পর্যালোচনার নিমিত্ত তৃতীয় প্রান্তিক (জানুয়ারি-মার্চ, ২০২৪) এর নৈতিকতা কমিটির সভা'র কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | এ বি এম আমিন উল্লাহ নুরী<br>সচিব |
| সভার তারিখ | : ২৪ জানুয়ারি ২০২৪ |
| সভার সময় | : বেলা ১২.০০ ঘটিকা |
| স্থান | : সভাকক্ষ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| উপস্থিতি | : পরিশিষ্ট-ক |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। প্রারম্ভিক বক্তব্যে ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলের আন্তরিক প্রচেষ্টা অব্যাহত রাখার আহ্বান জানান। অতঃপর এ বিভাগের যুগ্মসচিব (বাজেট অনুবিভাগ) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ মাহবুবের রহমান বলেন, সুশাসন প্রতিষ্ঠায় দুর্নীতি দমন ও শুদ্ধাচার প্রতিপালন একটি গুরুত্বপূর্ণ এবং অপরিহার্য কৌশল। বর্তমান সরকার শুদ্ধাচার চর্চাকে গুরুত্ব প্রদান করে সরকারি দপ্তরসমূহে বিভিন্ন বিধিবিধান, পদ্ধতি ও কৌশল প্রবর্তন করেছে। তিনি এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় শুদ্ধাচার প্রতিষ্ঠায় জোরালোভাবে কাজ করার আহ্বান জানান। অতঃপর সভাপতির অনুমোদনক্রমে শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মুহাম্মদ কামরুল হাসানকে এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর ১ম ও ২য় প্রান্তিকের অগ্রগতি এবং তৃতীয় প্রান্তিকের (জানুয়ারি-মার্চ, ২০২৪) লক্ষ্যমাত্রা বাস্তবায়ন পরিকল্পনা সভায় উপস্থাপন করার জন্য আহ্বান জানান। তিনি পর্যায়ক্রমে বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন এবং ৩য় ত্রৈমাসিক অগ্রগতি উপস্থাপন করেন।

২.০ শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভার কার্যপত্র অনুসারে গত ১৫/১১/২০২৩ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন সংশোধন না থাকায় উপস্থাপিত কার্যবিবরণীটি দৃঢ়করণ করা হয়। অতঃপর বিগত ১৫/১১/২০২৩ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি এবং এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর দ্বিতীয় প্রান্তিকের (অক্টোবর-ডিসেম্বর, ২০২৩) বাস্তবায়ন অগ্রগতি ও তৃতীয় প্রান্তিকের (জানুয়ারি-মার্চ-২০২৪) বাস্তবায়ন পরিকল্পনা সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, ইতোপূর্বে নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হয়েছে। এই প্রসঙ্গে সভাপতি বিগত নৈতিকতা কমিটির সভার সকল সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

৩.০ বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় এ বিভাগের তৃতীয় প্রান্তিকের লক্ষ্যমাত্রা উপস্থাপন করেন এবং উপস্থিত সদস্যবৃন্দ লক্ষ্যমাত্রাসমূহের উপর বিস্তারিত আলোচনা করেন। কার্যক্রম ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজনের বিষয়ে বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় অবহিত করেন যে ১টি সভা ১ম প্রান্তিকে ঢাকাতে অনুষ্ঠিত হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ১টি সভা ঢাকা বাহিরে আয়োজন করতে হবে। সভাপতি

এ প্রসঙ্গে বলেন যে, অংশীজন সভাটি খুলনা বিভাগীয় শহরে আয়োজন করা যেতে পারে। তিনি অংশীজনের তালিকা প্রস্তুতের অনুরোধ জানান। কার্যক্রম ১.৫ এ বর্ণিত কর্মপরিবেশ উন্নয়ন এ ৪র্থ শ্রেণীর কর্মচারিদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধানের কার্যক্রমটি যথাযথভাবে বাস্তবায়নে সভাপতি গুরুত্বারোপ করেন। একটি মানসম্মত পোষাক সরবরাহ করতে হবে। পোষাক পরিধানের বিষয়টি নিশ্চিত করার জন্য প্রশাসন উইংকে নির্দেশনা প্রদান করেন। পোষাক সরবরাহের বাজেট ঘাটতি হলে সমন্বয় করতে হবে। এছাড়া আইডি কার্ড পরিধান করতে হবে। কার্যক্রম ২.৪ এ বিভিন্ন প্রকল্পের PSC সভা আয়োজন বিষয়ে বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক PSC সভা আয়োজনের লক্ষ্যমাত্রা বৃদ্ধি করা হয়েছে, যা আগামী দুই প্রান্তিকে মোট ৯৬টি PSC সভা আয়োজন করতে হবে। এ বিষয়ে এ বিভাগের যুগ্মসচিব সওজ জিওবি অধিশাখা বলেন, গত দুই প্রান্তিকে এ পর্যন্ত ৭৫টি PSC সভা আয়োজন করা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জিত হবে। সূচক ৩.৩ এ বর্ণিত অধিনস্ত দপ্তর, সংস্থার সেবা কার্যক্রমের উপর গণশুনানী আয়োজনের মাধ্যমে স্বচ্ছতা আনয়নের বিষয়ে বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান জুলাই-ডিসেম্বর দুই প্রান্তিকে মোট ৪টি গণশুনানী আয়োজন করা হয়েছে। এ প্রান্তিকে দুটি গণশুনানী আয়োজন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে। এই প্রসঙ্গে সভাপতি চলতি প্রান্তিকে ১টি গণশুনানী রংপুর বিভাগীয় শহরে আয়োজন করা যেতে পারে এবং ১টি গণশুনানী ঢাকাতে আয়োজন করা যেতে পারে মর্মে নির্দেশনা প্রদান করেন। আলোচনায় উল্লেখ করা হয় যে, এ বিভাগের বড় অর্জন ঢাকা মহানগরীতে প্রথম মেট্রোরেল চালু করা করা। সরকারের অন্যতম সাফল্য এ মেট্রোরেল। মেট্রোরেল বাস্তবায়নে ডিএমটিসিএল এর কর্মকর্তাদের অক্লান্ত পরিশ্রমের ফসল। সে নিরিখে স্বাধীনতা পুরস্কারের জন্য ডিএমটিসিএল এর নাম প্রস্তাব করার সুযোগ রয়েছে।

## ৪.০ সংস্থাসমূহের NIS লক্ষ্যমাত্রার বিপরীতে ৩য় প্রান্তিকের বাস্তবায়ন পর্যালোচনা :

৪.১ **সড়ক ও জনপথ অধিদপ্তর** এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, NIS এর তৃতীয় প্রান্তিকের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন চলমান রয়েছে। কার্যক্রম ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজনের বিষয়ে সভাপতি বলেন সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক ১টি অংশীজন সভা ঢাকা বাহিরে আয়োজন করতে হবে। কার্যক্রম ১.৫ এ বর্ণিত কর্ম-পরিবেশ উন্নয়ন এর ৪র্থ শ্রেণির কর্মচারিদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধানের কার্যক্রমটি যথাযথভাবে বাস্তবায়নে সভাপতি গুরুত্বারোপ করেন। এ সূচকের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জন করার জন্য গুরুত্বারোপ করেন। NIS কর্মপরিকল্পনার সূচক ২.৫ এ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর কার্যক্রম প্রসঙ্গে সভাপতি বলেন, জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র নং-সম(পরি)-স্থায়ী কমিটি/৪৪/২০০৫ (অংশ-১)-৭২১ তারিখ : ০৮ জানুয়ারি, ২০০৬ এবং অফিস স্মারক নং-সম(পরি)প-৫/৯৮-১৫৮(২০০) অনুযায়ী সমাপ্ত উন্নয়ন প্রকল্পের সকল যানবাহন সংস্থাপন মন্ত্রনালয়াধীন সরকারি যানবাহন অধিদপ্তরের কেন্দ্রীয় পরিবহন পুলে জমা প্রদান করবে। উল্লেখ্য যানবাহন ব্যবহারের বিশেষ প্রয়োজনীয়তা থাকলে জনপ্রশাসনের অনুমোদন নিয়ে টিওএন্ডইতে অন্তর্ভুক্ত করতে হবে। নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রতিবেদনটি এ বিভাগের প্রেরণ করতে হবে।

৪.২ **বিআরটিএ**’র জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর তৃতীয় প্রান্তিকের লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সকল কার্যক্রম গৃহীত হয়েছে বলে ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিআরটিএ সভায় অবহিত করেন। সভাপতি কার্যক্রম ১.৫ এ বর্ণিত কর্মপরিবেশ উন্নয়নে ৪র্থ শ্রেণির কর্মচারিদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধানের বিষয়টি যথাযথভাবে বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করেন। বিআরটিএ’র কর্মচারীদের চেনার উপায় হিসেবে পোষাকে বিআরটিএ’র লোগো লাগানোর জন্য সভাপতি মতামত প্রদান করেন। যাত্রীদের মতামত/অভিযোগের জন্য সকল বাসে একটি হটলাইন নাম্বার রাখার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন। সভাপতি সভায় উল্লেখ করেন যে, সড়ক দুর্ঘটনার কোন সঠিক তথ্য পাওয়া যায়না। সড়ক দুর্ঘটনায় আহত ও নিহতদের আর্থিক সহায়তা প্রদানের জন্য সঠিক পরিসংখ্যান থাকতে হবে। এ বিষয়ে বিআটিএ কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে। বিআরটিএ বোর্ডকে কার্যকর করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

৪.৩ **বিআরটিসি**’র ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে তৃতীয় প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়ন চলমান রয়েছে। নির্ধারিত সময়ের সময়ের মধ্যে সম্পন্ন হবে। কার্যক্রম ১.৫ এ বর্ণিত কর্মপরিবেশ উন্নয়নে ৪র্থ শ্রেণির কর্মচারিদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধানের বিষয়টি যথাযথভাবে বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করেন। বিআরটিসি’র কর্মচারীদের চেনার উপায় হিসেবে পোষাকে বিআরটিসি’র লোগো লাগানোর জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় উল্লেখ করা হয় যে, বাধ্যতামূলকভাবে প্রতিটি গাড়ীতে সংশ্লিষ্ট গাড়ীর নম্বরসহ ৩৩৩, ৯৯৯ স্টিকার লাগাতে হবে। যাত্রীদের মতামত/অভিযোগের জন্য একটি হটলাইন নাম্বার রাখার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন। বিআরটিসি’র বঙ্গবন্ধু ভ্রাম্যমান লাইব্রেরী একুশে বইমেলায় প্রদর্শনের জন্য একমত পোষণ করা হয়। ঢাকা মহানগরীতে বিআরটিসি’র চলাচলরত বাসসমূহের বাহিরের অংশে রং উঠে যাওয়ার কারণে বাসগুলো দেখতে দৃষ্টি কটু লাগে বিধায় বাসগুলি প্রয়োজনীয় মেরামতসহ পরিস্কার-পরিচ্ছন্ন, রং করা ও সৌন্দর্যবর্ধনের আহ্বান জানান। বিআরটিসি পরিচালনা পর্ষদকে কার্যকর করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য পরামর্শ প্রদান করা হয়।

৪.৪ **ডিটিসিএ**’র প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, তৃতীয় প্রান্তিকের লক্ষ্যমাত্রা বাস্তবায়নের কার্যক্রম চলমান আছে। সভাপতি Rapid Pass/MRT Pass ব্যবহার বৃদ্ধি করার জন্য বিজ্ঞাপন প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

৪.৫ **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড** (ডিএমটিসিএল) এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে ডিএমটিসিএল’র তৃতীয় প্রান্তিকের নির্ধারিত কার্যক্রমের লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। লক্ষ্যমাত্রাসমূহ বাস্তবায়নে প্রতিবন্ধকতা নেই উল্লেখ করে নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যসমূহ শতভাগ অর্জন নিশ্চিত হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। সূচক ২.৩ বাজেট বাস্তবায়ন কার্যক্রমে লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করা হয়। Rapid Pass/MRT Pass ব্যবহার বৃদ্ধি করার জন্য বিজ্ঞাপন প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

৪.৬ **ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড** (ঢাকা বিআরটি) এর প্রতিনিধি সভাকে জানান যে তৃতীয় প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়নে গুরুত্বারোপ করা হয়।

**৫.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় :**


| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (১) | **<u>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ :</u>**<br><br>(ক) কার্যক্রম ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভাটি খুলনা বিভাগীয় শহরে আয়োজন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) কার্যক্রম ১.৫ এ বর্ণিত কর্মপরিবেশ উন্নয়ন এ ৪র্থ শ্রেণির কর্মচারিদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধানের কার্যক্রমটি যথাযথভাবে বাস্তবায়নে একটি মানসম্মত পোষাক সরবরাহ করতে হবে। পোষাক পরিধানের বিষয়টি নিশ্চিত করতে হবে।<br><br>(গ) কার্যক্রম ৩.৩ এ বর্ণিত অধিনস্ত দপ্তর, সংস্থার সেবা কার্যক্রমের উপর গণশুনানী আয়োজনের মাধ্যমে স্বচ্ছতা আনয়নে চলতি প্রান্তিকে ১টি গণশুনানী রংপুর বিভাগীয় শহরে আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ১টি গণশুনানী ঢাকাতে আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(ঘ) স্বাধীনতা পুরস্কারের জন্য মেট্রোরেল এর নাম প্রস্তাব করা যেতে পারে। | যুগ্মসচিব (প্রশাসন অনুবিভাগ)/ শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ। |

| | | |
|---|---|---|
| (২) | **সড়ক ও জনপথ অধিদপ্তর :**<br><br>(ক) কার্যক্রম ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা ঢাকা বাহিরে আয়োজন করতে হবে।<br><br>(খ) কার্যক্রম ১.৫ এ বর্ণিত কর্ম-পরিবেশ উন্নয়ন এর ৪র্থ শ্রেণির কর্মচারিদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধানের কার্যক্রমটি যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।<br><br>(গ) কার্যক্রম ২.৫ এ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর। |
| (৩) | **বিআরটিএ :**<br><br>(ক) কার্যক্রম ১.৫ এ বর্ণিত কর্মপরিবেশ উন্নয়নে ৪র্থ শ্রেণির কর্মচারিদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধানের বিষয়টি যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। বিআরটিএ'র কর্মচারীদের পোষাকে বিআরটিএ'র লোগো লাগাতে হবে।<br><br>(খ) যাত্রীদের মতামত/অভিযোগের জন্য প্রতিটি বাসে বাসের নম্বরসহ একটি হটলাইন নাম্বার রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>(গ) সড়ক দুর্ঘটনার সঠিক পরিসংখ্যান সংগ্রহ, সংরক্ষণ ও অবহিত করণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(ঘ) বিআরটিএ বোর্ডকে কার্যকর করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ। |
| (৪) | **বিআরটিসি :**<br><br>(ক) কার্যক্রম ১.৫ এ বর্ণিত কর্মপরিবেশ উন্নয়নে ৪র্থ শ্রেণির কর্মচারিদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধানের বিষয়টি যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। বিআরটিসি'র কর্মচারী এবং ড্রাইভার, হেলপারদের পোষাকে বিআরটিসি'র লোগো ব্যবহার করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>(খ) প্রতিটি গাড়ীতে সংশ্লিষ্ট গাড়ীর নম্বরসহ ৩৩৩, ৯৯৯ সম্বলিত স্টিকার লাগাতে হবে। যাত্রীদের মতামত/অভিযোগের জন্য একটি হটলাইন নাম্বার রাখার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>(গ) বিআরটিসি'র বঙ্গবন্ধু ভ্রাম্যমান লাইব্রেরী একুশে বইমেলায় প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(ঘ) বিআরটিসি'র ঢাকা মহানগরীতে চলাচলরত বাসগুলি প্রয়োজনীয় মেরামতসহ পরিস্কার-পরিচ্ছন্ন ও রং করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>(ঙ) বিআরটিসি পরিচালনা পর্ষদকে কার্যকর করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি। |
| (৫) | **ডিটিসিএ :**<br><br>(ক) Rapid Pass ব্যবহার বৃদ্ধি করার জন্য বিজ্ঞাপন প্রচারের উদ্যোগ গ্রহণ করতে হবে। | নির্বাহী পরিচালক, ডিটিসিএ |

| | | |
|---|---|---|
| (৬) | **ডিএমটিসিএল :**<br>(ক) কার্যক্রম ২.৩ বাজেট বাস্তবায়ন কার্যক্রমে লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(খ) Rapid Pass/MRT Pass ব্যবহার বৃদ্ধি করার জন্য বিজ্ঞাপন প্রচারের উদ্যোগ গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল |
| (৭) | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা কর্তৃক নৈতিকতা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ২৭/০৩/২০২৪ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১। চেয়ারম্যান, বিআরটিএ<br>২। প্রধান প্রকৌশলী, সওজ<br>৩। চেয়ারম্যান, বিআরটিসি<br>৪। নির্বাহী পরিচালক, ডিটিসিএ<br>৫। ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল<br>৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি |

৬.০ এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুসারে সকল লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকার এবং সকল অর্জনের স্বপক্ষে প্রমাণক সংরক্ষণ এবং দাখিলের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করে NIS Software-এ প্রমাণক আপলোড করার জন্য নির্দেশনা প্রদান করেন।

৭.০ আর কোনো বিষয় আলোচনায় না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



এ বি এম আমিন উল্লাহ নুরী
সচিব

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৪৯.০৬.০১১.২৩.১৯

তারিখ: ১৫ মাঘ ১৪৩০
২৯ জানুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
২) চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), বনানী, ঢাকা।
৩) অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৪) প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৫) চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা।
৬) নির্বাহী পরিচালক , ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ), তেজগাঁও, ঢাকা।
৭) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, ঢাকা।
৮) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড (ঢাকা বিআরটি), বাড়ী-৪, সড়ক-২১, সেক্টর-৪, উত্তরা, ঢাকা।
৯) যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

১০) একান্ত সচিব, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)।



মুহাম্মদ কামরুল হাসান
উপসচিব